

প্রেস নোটে

প্রাথমিক শিক্ষা
কার্যক্রমে বিঘ্ন সৃষ্টির
বিরুদ্ধে ব্যবস্থা
নেয়া হবে

দেশের সরকারি প্রাথমিক শিক্ষা কার্যক্রমে বিঘ্ন সৃষ্টিকারী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছে সরকার। গতকাল এক প্রেসনোটে (ডাবাধিবরণী) সরকারের বক্তব্য জানানো হয়।

প্রসঙ্গত, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের একটি অংশ মর্যাদা বৃদ্ধি ও বেতন ছেদ উন্নতির জন্য কর্মবিরতিসহ নানা কর্মসূচি পালন করে আসছেন।

প্রেসনোটে বলা হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদ দ্বিতীয় শ্রেণীতে উন্নীত এবং সহকারী শিক্ষকদের বেতন ছেদ উচ্চতর পর্যায়ে নির্ধারণ করার বিষয়টি সক্রিয় প্রক্রিয়াধীন। এ বিষয়ে আন্তঃসংস্থালয় পর্যায়ে যথাযথ কার্যক্রম চলমান রয়েছে। আর প্রাথমিক শিক্ষকদের সব নারি-নাওয়ার ব্যাপারে সরকার সর্বদা সজাগ রয়েছে উল্লেখ করে এতে আরও বলা হয়, বর্তমান সরকারের আমলেই প্রাথমিক শিক্ষকদের মর্যাদা সবচেয়ে বেশি বৃদ্ধি পেয়েছে। কিন্তু অল্পকিছু সংখ্যক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কোন কোন মহলের প্ররোচনায় অহেতুক কর্মবিরতি পালনসহ অন্যান্য কর্মসূচি শিক্ষা : পৃষ্ঠা : ১৫ ত : ৪

শিক্ষা : প্রাথমিক

(১ম পৃষ্ঠার পর)

গ্রহণ করছেন। শিক্ষকদের বেতনক্রম উন্নীতকরণে সরকারের আন্তরিক প্রয়াস থাকবে এবং এ ধরনের কর্মসূচি অনর্জিতরূপে বলেও প্রেসনোটে উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়, প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বর্তমান সরকারের আমলে অকৃতপূর্ব উন্নয়ন ঘটেছে এবং দেশ-বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের সব শিক্ষকদের কোয়ালিটি শিক্ষার্থীদের দার্বিক বিবেচনা করে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়েছে প্রেসনোটে। অন্যথায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম বিঘ্ন সৃষ্টিকারী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও প্রেসনোটে উল্লেখ করা হয়।